সংবাদ

তারিখ ... 25.10.83 ...
পৃষ্ঠা... .. ... ...কলাম... ... ...

021

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

## ভর্তি বিজ্ঞপ্তি

তারিখ : ২৩-১০-৮৩

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানান যাইতেছে যে, যে সকল ছাত্র/ছাত্রী ১৯৮১ সালে এইচ, এস, সি, পরীক্ষা পাস করিয়া ১৯৮১-৮২ শিক্ষাবর্ষে অত্র বিশ্ববিদ্যালয়ের ১ম বর্ষ অনার্স কোর্সের যে সমস্ত বিষয়ে ভর্তি হইয়া কোন কারণে ১ম বর্ষ অনার্স কোর্সের লেখাপড়া চালাইয়া যাইতে পারে নাই বা উক্ত কোর্স সম্পন্ন করিতে পারে নাই বা ১৯৮২ সালের ১ম বর্ষ অনার্স ফাইন্যাল পরীক্ষার ফিস জমা দিতে পারে নাই, শুধু তাহাদিগকেই ১৯৮৩-৮৪ শিক্ষাবর্ষের ১ম বর্ষ অনার্স কোর্সে একই অনার্স বিষয়ে বিনা ভর্তি পরীক্ষায় উক্ত শিক্ষাবর্ষে ১ম বর্ষ অনার্স কোর্সে ভর্তির জন্য পূর্ব নির্ধারিত আসনের বাহিরে উক্ত কোর্সে ভর্তির সময়সূচীর মধ্যে নির্ধারিত ভর্তি ফরমের মাধ্যমে সংশ্লিষ্ট বিভাগীয় চেয়ারম্যানের ভর্তির সুপারিশ ক্রমে ভর্তির জন্য প্রযোজ্য সকল ফিস প্রদান করিয়া ভর্তি করা হইবে এবং তাহাদিগকে উক্ত কোর্সে ভর্তি সংক্রান্ত ব্যাপারে ১০-১১-৮৩ তারিখের মধ্যে সংশ্লিষ্ট বিভাগীয় চেয়ারম্যানের সংগে যোগাযোগ করিবার জন্য নির্দেশ দেওয়া যাইতেছে।

ভর্তির সময় সংশ্লিষ্ট ছাত্র।ছাত্রীকে ভর্তি ফরমের সংগে দুইকপি ফটো, এস, এস, সি, ও এইচ, এস, সি, পরীক্ষা পাসের সনদপত্র এবং শিক্ষা বোর্ড কর্তৃক ইস্যাকৃত নম্বর ফর্দ এবং বিশ্ববিদ্যালয় রেজিষ্ট্রেশন কার্ডের সত্যায়িত কপি সংযুক্ত করিতে হইবে এবং ভর্তি ফিস জমা দেওয়ার পূর্বে ইহার মূল কপি সমূহ একাডেমিক শাখায় ভর্তির কাজে নিয়োজিত অফিস সহকারীকে দেখাইতে হইবে। অন্যথা ভর্তি ফিস জমা দেওয়ার জন্য ভর্তি ফরম অগ্রণী ব্যাংক, বিশ্ববিদ্যালয় শাখায় প্রেরণ করা হইবে না এবং ভর্তিও করা হইবে না।

২। ১৯৮২ বা ১৯৮৩ সালে ডিপ্লোমা-ইন-কমার্স পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র।ছাত্রীদের মধ্যে যাহাদের ভর্তির শিক্ষাগত যোগ্যতা ৪ (চার) পয়েণ্ট আছে, তাহারা ১৯৮৩-৮৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ হিসাব বিজ্ঞান ও ব্যবস্থাপনা অনার্স কোর্সে ভর্তি হইবার জন্য ভর্তি পরীক্ষার নির্ধারিত আবেদনপত্র পেশ করিতে পারিবে এবং তাহাদের নিকট হইতে আগামী ১লা নভেম্বর, ১৯৮৩ পর্যন্ত ফরম গ্রহণ করা হইবে। হিসাব বিজ্ঞান ও ব্যবস্থাপনা অনার্স কোর্সের ভর্তি পরীক্ষা যথাক্রমে আগামী ২-১১-৮৩ ও ৩-১১-৮৩ তারিখ অনুষ্ঠিত হইবে।

আবদুর রশিদ,
এ্যাক্টিং রেজিষ্ট্রার।

সি--৬০৭৬